

শিক্ষা

সাত বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ প্রকাশ

ঢাবি, রাবি, জবি, চবি, খুবি, কুয়েট ও এমআইএসটির ভর্তি পরীক্ষা ডিসেম্বর-ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হবে

প্রতিবেদক: শিক্ষা ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



দেশের সাত পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সময়সূচি প্রকাশিত হয়েছে। সংগৃহীত ছবি

দেশের সাতটি পাবলিক বিশ্ববিদ্যালয় ২০২৬-২৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। বিশ্ববিদ্যালয়গুলো হলো ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি), রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি), জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি), খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)। পরীক্ষাগুলো ডিসেম্বর থেকে ফেব্রুয়ারির মধ্যে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলোর বিজ্ঞপ্তি থেকে এই তথ্য জানা গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে ৫ ডিসেম্বর, আইবিএ ইউনিট দিয়ে। এরপর ১২ ডিসেম্বর [এ] ইউনিট, ১৯ ডিসেম্বর [বি]

ইউনিট, ২২ ডিসেম্বর চারুকলা ইউনিট এবং ২৬ ডিসেম্বর সিসি ইউনিটের পরীক্ষা হবে। আবেদন করা যাবে ১১ থেকে ২৫ নভেম্বর পর্যন্ত।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে ৮ জানুয়ারি, বিি ইউনিট (ব্যবসায় শিক্ষা) দিয়ে। এরপর ৯ জানুয়ারি সিসি ইউনিট (বিজ্ঞান) এবং ১৬ জানুয়ারি এএ ইউনিটের (মানবিক) পরীক্ষা হবে। প্রাথমিক আবেদন চলবে ১২ থেকে ২৭ নভেম্বর পর্যন্ত। পরীক্ষার্থীদের ভোগান্তি কমাতে ঢাকা, রাজশাহী, রংপুর, খুলনা, চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ এই সাত বিভাগীয় শহরে পরীক্ষা নেওয়া হবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে ২০২৭ সালের ১ জানুয়ারি, এএ ইউনিট দিয়ে। এরপর ৮ জানুয়ারি ইই ইউনিট, ১৫ জানুয়ারি বিি ইউনিট, ২২ জানুয়ারি সিসি ইউনিট এবং ২৩ জানুয়ারি ডিই ইউনিটের পরীক্ষা হবে। আবেদন শুরু হবে ১৫ নভেম্বর দুপুর ১২টায় এবং শেষ হবে ১০ ডিসেম্বর রাত ১১টা ৫৯ মিনিটে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে ২৯ জানুয়ারি, সিসি ইউনিট দিয়ে। এরপর ৩০ জানুয়ারি এএ ইউনিট, ৩ ফেব্রুয়ারি বি১ ইউনিট, ৪ ফেব্রুয়ারি বি২ ইউনিট, ৫ ফেব্রুয়ারি বিি ইউনিট, ৬ ফেব্রুয়ারি ডিই ইউনিট এবং ৮ ফেব্রুয়ারি ডি১ উপ-ইউনিটের পরীক্ষা হবে। বি১, বি২ ও ডি১ উপ-ইউনিটের পরীক্ষা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে হবে। বাকি ইউনিটগুলোর পরীক্ষা চট্টগ্রাম ছাড়াও রাজশাহী ও ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। আবেদন করা যাবে ১৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত।

খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা হবে ১৭ ও ১৮ ডিসেম্বর। ১৭ ডিসেম্বর সিসি ও ডিই ইউনিট এবং ১৮ ডিসেম্বর এএ ও বিি ইউনিটের পরীক্ষা নেওয়া হবে। যেসব পরীক্ষার সময়সূচি এখনো চূড়ান্ত বিজ্ঞপ্তিতে নিশ্চিত হয়নি, সেগুলোর তারিখ বদলাতে পারে। তাই শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত বিজ্ঞপ্তি ও অফিশিয়াল নোটিশ অনুসরণ করার পরামর্শ দেওয়া হয়েছে।

কুয়েট

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা হবে ৮ জানুয়ারি। এবার খুলনা, ঢাকা ও রাজশাহী এই তিন বিভাগীয় শহরে একযোগে পরীক্ষা নেওয়া হবে।

এমআইএসটি

মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির ভর্তি পরীক্ষা হবে ১৮ ও ১৯ ডিসেম্বর। ১৮ ডিসেম্বর সিসি ইউনিট এবং ১৯ ডিসেম্বর এএ ও বিি ইউনিটের পরীক্ষা নেওয়া হবে।



জবির দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক গাছ রোপণ ছাত্রদল নেতার
সরকারের দেশব্যাপী ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক গাছের চারা রোপণ করেছেন...



একাদশে ভর্তির প্রথম ধাপের ফল প্রকাশ আজ, দেখবেন যেভাবে
২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের প্রথম পর্যায়ের ফল বুধবার (১৬ সেপ্টেম্বর) রাত ৮টায় একযোগে প্রক...



এসএসসির খাতা পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ, ফেল থেকে পাস ৪৫৮৫ শিক্ষার্থী
চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণ ও পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করা হয়েছে। পুনঃনিরীক্ষণের পর ফেল থেকে পাস করেছেন ৪ হাজার ৫৮৫...



ইবতেদায়িসহ সব মাদ্রাসায় চালু হবে মিড-ডে মিল: শিক্ষামন্ত্রী
শিক্ষামন্ত্রী ড. আন ম. এহসানুল হক মিলন জানিয়েছেন ২০২৬-২০৩১ অর্থবছরের মধ্যে ইবতেদায়ি মাদ্রাসাসহ দেশের সব মাদ্রাসায় মিড-ডে মিল চালুর পরিকল্পনা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/education/sat-bishbbidjaljer-bhrti-prikshar-tarikh-prkash>